

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৮১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এই হাদীসটি আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذِكْنُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أَن هَذِهِ السُّنَّة تفرَّد بِهَا أَبُو هُرَيْرَةَ

## আরবী

1981 \_ أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانِ الْقَطَّانُ بِوَاسِطٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: عَرْمِلَةَ عَنِ يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ حَرْمَلَةَ عَنِ الْحَارِثِ بْنِ خُفَاف بْنِ رَحَضَةَ الْغِفَارِيِّ عَنْ أَبِيهِ خُفَاف: قَالَ: رَكَعَ رَسُولُ اللَّهِ صَلَّى الْتَهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الصَّلَاةِ ثُمَّ رَفْعَ رَأْسَهُ فَقَالَ: (غِفار غَفَرَ اللَّهُ لَهَا وَأَسْلَمُ سَالَمَهَا اللَّهُ وَعُصَيَّةُ عَصَتِ اللَّهُ وَرَسُولَهِ اللَّهُمَّ الْعَنْ بَنِي لِحْيَانَ اللَّهُمَّ الْعَنْ رِعْلًا وَذَكُوانَ ثُمَّ كَبّر وَوَقَعَ سَاجِدًا)

قَالَ: فَجَعَلَ لعنة الكفرة من أجل ذلك.

الراوي: خُفاف بْن رَحَضَةَ الْغِفَارِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني ا

المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1981 ا خلاصة حكم المحدث: صحيح

## বাংলা

১৯৮১. খুফাফ বিন রহাদ্বহ আল গিফারী রাদ্মিাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার এক সালাতে রুকু করেন তারপর রুকু থেকে মাথা উত্তোলন করে বলেন, غَفَرُ اللَّهُ عَصَتِ اللَّهُ وَعُصَيَّةُ عَصَتِ اللَّهُ وَرُسُولَهِ اللَّهُمَّ الْعَنْ بَنِي لِحْيَانَ اللَّهُمَّ الْعَنْ رِعْلًا وَذَكُوانَ ( গিফার গোত্রকে মহান আল্লাহ ক্ষমা করুন, আসলাম গোত্রকে আল্লাহ নিরাপত্তা দান করুন, উসাইয়়াহ গোত্র আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাফরমানী করেছে। হে আল্লাহ, আপনি বানূ লিহইয়ান গোত্রের প্রতি অভিসম্পাত করুন, হে আল্লাহ, আপনি রি'ল ও যাকওয়ান গোত্রের উপর লা'নত করুন) রাবী বলেন, " তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকবীর দেন এবং সাজদায় অবনত হন।"[1]



রাবী বলেন, "এজন্যই কাফিরদের প্রতি লা'নত করা হয়।"

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ৪১৭৫; সহীহ মুসলিম: ৬৭৯; আবূ আওয়ানা: ২/২৮২; সুনান বাইহাকী: ২/২০৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৪৩; মুসনাদ আহমাদ: ৪/৫৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩১৭ ৷

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৯৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ খুফাফ বিন রহাদ্বহ আল গিফারী (রা.)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন